**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)**
**রাজশাহী শাখা, ৭০/৭১, মিয়াপাড়া, ২য় তলা, সাহেব বাজার, রাজশাহী।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, এর ঋণগ্রহীতা মেসার্স সাদিয়া ট্রেডার্স নামীয়, প্রোপাইটরঃ জনাব মোঃ রফিকুল ইসলাম (রিপন) ওরফে রিপন হাজী, পিতা- মৃত আজিজার রহমান, ঠিকানাঃ ১২৮, পাঠান পাড়া, পোঃ জি.পি.ও., থানা- বোয়ালিয়া, জেলা- রাজশাহী কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে ঋনগ্রহীতা জনাব মোঃ রফিকুল ইসলাম (রিপন) ওরফে রিপন হাজী নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৭/০৮/২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৳৩৩,৬৪,৯২,২৬৩.৭০ (তেত্রিশ কোটি চৌষট্টি লাখ বিরানব্বই হাজার দুই শত তেষট্টি টাকা সত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

১। জেলা-রাজশাহী, থানা- বোয়ালিয়া, মৌজা- বড়বনগ্রাম, হাল জে,এল নং-৮২, সি. এস খতিয়ান নং- ৪৭১, এস. এ খতিয়ান নং- ৪৭১, এস. এ চূড়ান্ত খতিয়ান নং- ৪৪৪, আর. এস খতিয়ান নং- ১২৪৯, প্রস্তাবিত খতিয়ান নং- ৪৫৫৬, সি. এস ও এস. এ দাগ নং- ১২৮৯, আর. এস দাগ নং- ১৫৭৬, জমির পরিমাণ ০.০৮২৫ একর (শূণ্য দশমিক শূণ্য আট দুই পাঁচ একর)= ৮.২৫ শতক জমিসহ তদুপরিস্থিত পাঁচতলা বাণিজ্যিক ভবন (আমচত্বর সংলগ্ন)।

২। জেলা-রাজশাহী, থানা- বোয়ালিয়া, মৌজা- দরগাপাড়া, জে,এল নং- ৫, সি. এস খতিয়ান নং- ৪২৩, এস. এ খতিয়ান নং- ৩৮৩, আর. এস খতিয়ান নং- ৪৬১, প্রস্তাবিত খতিয়ান নং- ১০২৭, সি. এস দাগ নং- ৫২৫, এস. এ দাগ নং- ৭২৩, আর. এস দাগ নং- ৯৪২, জমির পরিমাণ ০.০০৭৭ একর (শূণ্য দশমিক শূণ্য শূণ্য সাত সাত একর)= ০.৭৭ শতক (০.৪৭ কাঠা সমপরিমাণ) জমিসহ তদুপরিস্থিত তিনতলা আবাসিক কাম বাণিজ্যিক ভবন (পাঠান পাড়া)।

৩। জেলা-রাজশাহী, থানা- বোয়ালিয়া, মৌজা- দরগাপাড়া, জে,এল নং- ৫, সি. এস খতিয়ান নং- ৪১৯, এস. এ খতিয়ান নং- ৩৭০, আর. এস খতিয়ান নং- ২৮৬/১, প্রস্তাবিত খতিয়ান নং- ৯৩৩, সি. এস দাগ নং- ৪৯১, এস. এ দাগ নং- ৩৭০, আর. এস দাগ নং- ৭৫০, জমির পরিমাণ ০.০৪৯৫ একর (শূণ্য দশমিক শূণ্য চার নয় পাঁচ একর)= ৪.৯৫ শতক জমিসহ তদুপরিস্থিত পাঁচতলা আবাসিক ভবন (দরগাপাড়া)।

৪। জেলা-রাজশাহী, থানা- বোয়ালিয়া, মৌজা- বড়বনগ্রাম, হাল জে,এল নং- ৮২, আর. এস খতিয়ান নং- ২৪২ ও৩২৩, প্রস্তাবিত খতিয়ান নং- ৫৮৩৫, আর. এস দাগ নং- ২০ ও ২১, জমির পরিমাণ ০.৪০০০ একর (শূণ্য দশমিক চার শূণ্য শূণ্য শূণ্য একর)= ৪০.০০ শতক জমিসহ তদুপরিস্থিত দুইতলা ভবন (উত্তর নওদাপাড়া)।

৫। জেলা-রাজশাহী, থানা- বোয়ালিয়া, মৌজা- বড়বনগ্রাম, হাল জে,এল নং-৮২, সি. এস খতিয়ান নং- ১৫৭০, এস. এ খতিয়ান নং- ১৭৮৩ ও ১৫৬৬, আর. এস খতিয়ান নং- ১০৪৭ ও ১০৬, প্রস্তাবিত খতিয়ান নং- ৮৬৫১, সাবেক দাগ নং- ৪০, ৪১, ৬৭ ও ৯২, আর. এস দাগ নং- ৩৩ ও ৬১, জমির পরিমাণ ২.১১০০ একর (দুই দশমিক এক এক শূণ্য শূণ্য একর)= ২১১.০০ শতক জমি (সিটি বাইপাস সংলগ্ন)।

৬। জেলা-রাজশাহী, থানা- বোয়ালিয়া, মৌজা- বোয়ালিয়া, সি. এস খতিয়ান নং- ৭৮৪, এস. এ খতিয়ান নং- ১২৬৩ ও ৪০৪৪, আর. এস খতিয়ান নং- ২০৭৫, প্রস্তাবিত খতিয়ান নং- ৮০৪১ ও ৮১২৪, সি. এস দাগ নং- ২৫২৩ ও ২৫২৫, এস. এ দাগ নং- ৪৪৩৬, ৪৪৩৮ ও ৪৪৪১, আর. এস দাগ নং- ১১৬৪, ১১৯২, ১১৯৩, ১১৯৪ ও ১১৯৫, জমির পরিমাণ ০.৩৪৭০+০.০৪১৩= ০.৩৮৮৩ একর (শূণ্য দশমিক তিন আট আট তিন একর)= ৩৮.৮৩ শতক জমি (হেতেম খাঁ)।

<u>নিলামের শর্তাবলী</u>

(১) আগামী ১৩/০৯/২০১৮ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, রাজশাহী।**